

আদ-দুখান | Ad-Dukhan | الدُّخَان

আয়াতঃ ৪৪ : ২২

আরবি মূল আয়াত:

فَدَعَا رَبَّهُ أَنَّ هَؤُلَاءِ قَوْمٌ مُّجْرِمُونَ ﴿٢٢﴾

অনুবাদসমূহ:

অতঃপর সে তার রবকে ডেকে বলল, ‘নিশ্চয় এরা এক অপরাধী সম্প্রদায়।’ — আল-বায়ান

(কিন্তু তারা ছিল আক্রমণমুখী) তখন সে তার পালনকর্তার নিকট দু’আ করল- এরা অপরাধী জাতি। — তাইসিরুল

অতঃপর মূসা তার রবের নিকট নিবেদন করলঃ এরা তো এক অপরাধী সম্প্রদায়। — মুজিবুর রহমান

And [finally] he called to his Lord that these were a criminal people. — Sahih International

২২. অতঃপর মূসা তার রবকে ডাকলেন, নিশ্চয় এরা এক অপরাধী সম্প্রদায়।

তাফসীরে জাকারিয়া

(২২) অতঃপর সে তার প্রতিপালকের নিকট নিবেদন করল, নিশ্চয় ওরা এক অপরাধী সম্প্রদায়।[1]

[1] অর্থাৎ, যখন তিনি দেখলেন যে, দাওয়াতের কোন প্রভাব তাদের উপর পড়ছে না, বরং তাদের কুফরী ও ধৃষ্টতা আরো বেড়ে যাচ্ছে, তখন তিনি আল্লাহর দরবারে তাদের অবস্থা জানিয়ে দু’আ করলেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4436>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন